# গড়বেতা কলেজের ‘সহেলি’, উইমেন্স সেল এর উদ্যোগে আয়োজিত ‘বিজ্ঞান সাধনায় ভারতীয় মহিলা’ শীর্ষক জাতীয় স্তরের আন্তর্জাতিক আলোচনাচক্র

পত্রিকা প্রতিনিধি ঃ গড়বেতা ও কলেজের সহেলি, ওমেনসসেল এর উদ্যোগে ‘বিজ্ঞানসাধনায় ভারতীয় মহিলা শীর্ষক শিরোনামে একটি ওয়েবিনারের আয়োজন করা হয়েছিল শনিবার। এই আলোচনাচক্রের উদ্বোধনী ভাষণ দেন কলেজের অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার। বিজ্ঞান সাধনায় ভারতীয় মহিলাদের অবস্থান প্রসঙ্গে তিনি মাডাম ক্যুরির অবদান স্মরণ করেন। উক্ত আলোচনা চক্রের প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন অল ইন্ডিয়া রেডিও-র প্রোগ্রাম এগজিকিউটিভ ড. মানসপ্রতিম দাস। ড. দাস তাঁর আলোচনায় বিজ্ঞানের বিভিন্ন শাখায় মহিলা বিজ্ঞানীদের অবদান প্রসঙ্গে মহিলা শব্দটির ব্যবহারে তাঁর আপত্তির কথা তুলে ধরেছেন। কমলা সোহোনী, রাজেশ্বরী চ্যাটার্জী, অসীমা চ্যাটার্জী, আন্না মনি, মহারাণী চক্রবর্তী, চন্দ্রিমা সাহা প্রমুখ বিজ্ঞানীদের কথা আলোচনা করেছেন। সামাজিক ও প্রতিষ্ঠানগত অসুবিধা সত্ত্বেও তাঁরা যে তাঁদের লক্ষ্যে অবিচল ছিলেন, সে বিষয়েও আলোকপাত করেন ড. দাস। সাবিত্রীবাঈ ফুলে, ফতিমা সাহেব, বেগম রোকেয়া শাখাওয়াত হোসেন, পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, রামগোপাল ঘোষ, মদনমোহন তর্কালংকার সহ অনেকেই ভারতে মহিলাদের শিক্ষা বিস্তারে যে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন, সে প্রসঙ্গটি তিনি স্মরণ করিয়ে দেন।

এর পর ৪ পাতায়

রক্তদান করেন। স্মরণসভায় ...

# আন্তর্জাতিক আলোচনাচক্র

৩ পাতার পর

মহারাণী চক্রবর্তী সম্পর্কে আলোচনা করতে গিয়ে ড. দাস বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর নোবেল পুরস্কারের বেশিরভাগ অর্থ শ্রীনিকেতনে শৌচালয় নির্মাণ- কাজে ব্যয় করেন। এ ভাবেই মহিলাদের বিদ্যালাভের বিষয়টিকে আরও সুগম করার জন্য সামগ্রিক পরিবেশের উন্নয়ন বিষয়টিতে গুরুত্ব প্রদান করেন ড. দাস। তবে মহিলাদের বিজ্ঞানসাধনায় অগ্রগতির জন্য পরিবারের ভূমিকা যে একটা অনুঘটকের কাজ করে সে প্রসঙ্গটিও তিনি তুলে ধরেন। ওয়েবিনারের প্রশ্নোত্তর- পর্বটি খুবই উপভোগ্য ছিল। সামগ্র আলোচনাচক্রটি সঞ্চালনা করেন সহেলির জয়েন্ট কনভেনর ড. রীতা শীল এবং ইউটিউবে ব্রডকাস্টের ব্যাপারে সহযোগিতা করেন অপর জয়েন্ট কনভেনর ড. রাজলক্ষ্মী মুখার্জী এবং কলেজের লাইব্রেরিয়ান প্রলয় ভট্টাচার্য। অনুষ্ঠানটিতে ধন্যবাদজ্ঞাপন প্রস্তাব পাঠ করেন কলেজের আই কিউএসির -কো -অর্ডিনেটর ড. সুশীল ঘোষ। সহেলির সদস্য ড. স্বাতীলেখা মাইতি, মৌসুমি পাল, ড. অর্পিতা ব্যানার্জী, ড. শম্পা দেব চন্দ, কলেজের টিচার্স কাউন্সিলের সেক্রেটারি ড সাজেদ বিশ্বাস, কলেজ পরিচালন সমিতির সদস্য ড. শান্তিময় পাত্র ও সোমা সামন্ত , ছাড়াও কলেজের অধ্যাপক , শিক্ষাকর্মীবৃন্দ, কলেজের ছাত্র-ছাত্রী, পার্শ্ববর্তী স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন। ওয়েবিনারের সমাপ্তি ঘোষণা করেন অধ্যক্ষ।

# ওয়েবিনার

গড়বেতা: 'বিজ্ঞান সাধনায় ভারতীয় মহিলা' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হল গড়বেতা কলেজে। শনিবার ওই ওয়েবিনারের আয়োজক ছিল কলেজের মহিলা সেল 'সহেলি'। উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। প্রধান বক্তা ছিলেন অল ইন্ডিয়া রেডিয়োর প্রোগ্রাম এগজিকিউটিভ মানসপ্রতিম দাস। সঞ্চালনা করেন সহেলির যুগ্ম আহ্বায়ক রিতা শীল।